

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।  
[www.habiganj.sadar.habiganj.gov.bd](http://www.habiganj.sadar.habiganj.gov.bd)

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৩.০০৮.২০- ৭০৮(২)

তারিখ : ০২/১১/২০২০ খ্রি।

### গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ, গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ মোতাবেক হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর উপজেলাবীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে লোক নিয়োগ প্রদান করা হবে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদের ওয়ার্ড নম্বর	শূন্য পদের মোট সংখ্যা	বেতন-ভাত্তাদি
০১	১নং সোকড়া ইউনিয়ন	মহল্লাদার	ওয়ার্ড নং- ৪	০১ (এক) টি	মাসিক =৬,৫০০/-
০২	২নং রিচি ইউনিয়ন	মহল্লাদার	ওয়ার্ড নং- ৩, ৭, ৯	০৩ (তিনি) টি	টাকা (সরকারি ও ইউপি অংশ) এবং সরকার প্রদত্ত অন্যান্য সুবিধাদি।
০৩	৩নং তেঘরিয়া ইউনিয়ন	মহল্লাদার	ওয়ার্ড নং- ৬	০১ (এক) টি	
০৪	৪নং পৈল ইউনিয়ন	মহল্লাদার	ওয়ার্ড নং- ৩	০১ (এক) টি	
০৫	৫নং গোপায়া ইউনিয়ন	মহল্লাদার	ওয়ার্ড নং- ২	০১ (এক) টি	
০৬	৬ নং রাজিউড়া ইউনিয়ন	মহল্লাদার	ওয়ার্ড নং- ৯	০১ (এক) টি	
০৭	৯নং নিজামপুর ইউনিয়ন	মহল্লাদার	ওয়ার্ড নং- ১, ৫, ৯	০৩ (তিনি) টি	
০৮	১০নং লক্ষ্মপুর ইউনিয়ন	মহল্লাদার	ওয়ার্ড নং- ৮	০১ (এক) টি	


আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসমূহকে আগামী ০১/১২/২০২০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ বারাবরে লিখিতভাবে দরখাত্ত আহ্বান করা যাচ্ছে।

#### শর্তাবলী :

- ০১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের অধাধিকার দেয়া হবে।
- ০২। বিশেষ কোটা (যদি থাকে) এর সমর্থনে আবেদন পত্রের সাথে প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে।
- ০৩। প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার পূর্ণ নাম, পূর্ণাঙ্গ ঠিকানা এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখ করতে হবে।
- ০৪। প্রার্থীর বয়স আগামী ০১/১২/২০২০ খ্রি তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। (মুক্তিযোদ্ধা পোষ্য ও প্রতিবন্ধিদের ক্ষেত্রে ৩২ বছর) মুক্তিযোদ্ধা পোষ্য, এতিম (এতিমখানার নিবাসী) প্রতিবন্ধি (শারীরিক প্রতিবন্ধি), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এবং উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৫। প্রকৃত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে অবশ্যই যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদন পত্রে এবং আবেদন পত্রের খামের উপর “মুক্তিযোদ্ধা/পোষ্য” কথাটি বড় অক্ষরে লিখতে হবে এবং অন্যান্য কোটার প্রার্থীর ক্ষেত্রে আবেদনে এবং খামের উপর বড় অক্ষরে কোটার নাম উল্লেখ করতে হবে।
- ০৬। গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগের ক্ষেত্রে এই বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অধাধিকার দেয়া হবে।
- ০৭। প্রার্থীর শারীরিক যোগ্যতা :
  - (ক) উচ্চতা : পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৫ ফুট ।
  - (খ) বুকের মাপঃ পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।
  - (গ) ওজন : পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৪৫ কেজি।
- ০৮। শিক্ষাগত যোগ্যতা : কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ০৯। আবেদন পত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ওয়ার্ড নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে) (ঙ) শিক্ষাগত যোগ্যতা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (০১/১২/২০২০ খ্রি তারিখে) (জ) বিশেষ কোটা (যদি থাকে) (ঝ) ধর্ম (ঝঃ) জাতীয়তা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার পূর্ণ নাম, পূর্ণাঙ্গ ঠিকানা এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখ করতে হবে (ঢ) স্বত্ত্বে লিখিত আবেদন দাখিল করতে হবে।

চলমান পাতা-২

- ১০। আবেদন পত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ  
 (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি সত্যায়িত রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি (গ) প্রথম খেলীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (কর্মকর্তার নামযুক্ত সীলমোহরসহ) (ঘ) ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (ঙ) ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি (চ) মুক্তিযোদ্ধা পোষ্য/আনসার ও ধার্ম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/এতিম/উপজাতি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদের সত্যায়িত ফটোকপি।
- ১১। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ শাহবুদ্দিন হাবিগঞ্জ কর্বেল)  
 উপজেলা নির্বাহ অফিসার  
 হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।  
 email:unohabiganj@mopa.gov.bd

অনুলিপিৎ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর।
- ৫। উপজেলা সমাজসেবা অফিসার, হবিগঞ্জ সদর।
- ৬। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা।
- ৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হবিগঞ্জ সদর।
- ৮। .....(সংশ্লিষ্ট সকল), হবিগঞ্জ সদর।

বিতরণঃ

অনুলিপিৎ অবগতি ও বহুল প্রচারের জন্য।

চেয়ারম্যান, পোকড়া ইউপি/রিচি ইউপি/তেঘারিয়া ইউপি/  
 পৌল ইউপি/গোপায়া ইউপি/রাজিউড়া ইউপি/নিজামপুর ইউপি/  
 লক্ষ্মপুর ইউপি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

ইউনিয়ন পরিষদের মোটিশ বোর্ড, ইউনিয়ন ও ওয়ার্ডের  
 শুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট  
 বাজারের দশনীয় স্থানসমূহে নিয়োগ বিজ্ঞপ্তি বহুল  
 প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা প্রয়োজন করা